“যদি বানী আদমের স্বর্ণ ভরা দুটো উপত্যকা থাকে, তথাপি সে তার জন্য তৃতীয় উপত্যকা হওয়ার কামনা করবে

আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “যদি বানী আদমের স্বর্ণ ভরা দুটো উপত্যকা থাকে, তথাপি সে তার জন্য তৃতীয় উপত্যকা হওয়ার কামনা করবে। তার পেট মাটি ব্যতীত অন্য কিছুতেই ভরবে না। তবে যে ব্যক্তি তওবা করবে, আল্লাহ্ তার তওবা কবূল করবেন”। [সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “যদি আদম সন্তান সোনা ভর্তি একটি উপত্যকা অর্জন করে, তবুও তার স্বভাবীয় লোভ-লালসায় সে চাইবে যে, তার কাছে আরো দু’টি উপত্যকা হোক। দুনিয়ার প্রতি তার লোভ বাকী থাকবেই যতক্ষণ না সে মারা যায়। অতঃপর তার কবরের মাটি তার পেট পূর্ণ করবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4963